# ৬ষ্ঠ উপজেলা পরিষদের ১৭ তম মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : তানিয়া আক্তার, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ, কানাইঘাট
তারিখ : ২৩ অক্টোবর ২০২৫
সময় : ১১.০০ ঘটিকায়

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট "ক এবং খ"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত।

| ক্র: নং | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, বিগত ১২ অক্টোবর/২০২৫ তারিখ হতে টাইফয়েড ভ্যাক্সিনেশন কার্যক্রম সারাদেশের ন্যায় কানাইঘাট উপজেলায় সকল শিক্ষা প্রতিষ্ঠানে শুরু হয়েছে। অত্র উপজেলায় টাইফয়েট ভ্যাক্সিন প্রদানের মোট লক্ষ্যমাত্রা ৯৩৭৬৭ এর মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানের লক্ষ্যমাত্রা ৫৯৫৯৮ এর মধ্যে ২২/১০/২৫ তারিখ পর্যন্ত ৩৩৭৩৮ জনকে ভ্যাক্সিন প্রদান করা হয়েছে। তিনি অত্র উপজেলা টাইফয়েড ভ্যাক্সিন প্রদানের লক্ষ্যমাত্রা পূরণে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, কানাইঘাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পরিচ্ছন্নতাকর্মী কম থাকার কারণে হাসপাতালের পরিষ্কার পরিচ্ছন্নতা ব্যাহত হচ্ছে। তিনি উপজেলা পরিষদের পক্ষ হতে একজন পরিচ্ছন্নতাকর্মী প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | অত্র উপজেলায় টাইফয়েড ভ্যাক্সিন প্রদানে লক্ষ্যমাত্রা পূরণে সহযোগিতা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সহ সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০২ | আইন- শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানার প্রতিনিধি জানান, অত্র উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক এবং সংশ্লিষ্ট ইউনিয়নে বিট পুলিশের ডিউটি অব্যাহত রয়েছে। | আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার নিমিত্ত বিট পুলিশের ডিউটি অব্যাহত রাখার জন্য অফিসার ইনচার্জ, কানাইঘাট থানা কে অনুরোধ করা হলো। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা কানাইঘাট, সিলেট |
| ০৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, অত্র উপজেলার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চুরির ঘটনা ঘটছে এবং অনেক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে ব্যাডমিন্টন খেলার প্রবণতা রয়েছে। এতে করে স্থানীয় ছেলেদের সাথে বিদ্যালয় কর্তৃপক্ষের বিরুদ্ধের সৃষ্টি হচ্ছে। | সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে চুরি ঠেকাতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৪ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান, উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান, বর্তমান অর্থ বছরের এডিপির প্রথম কিস্তির বরাদ্দ চলে এসেছে। তিনি উক্ত প্রথম কিস্তির বরাদ্দের চারগুণ পরিমাণ টাকার প্রকল্প গ্রহণ করা যেতে পারে বলে সভাকে অবহিত | বর্তমান অর্থ বছরের এডিপির প্রকল্প তালিকা দ্রুত প্রণয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ | উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | করেন। | করা হয়। | |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান, অত্র উপজেলায় বর্তমান মৌসুমে ১৫,৬৩৪ হেক্টর জমিতে রোপা আমন ধান আবাদ করা হয়েছে এবং সূর্যমুখী,সরিষা,অড়হড়,চীনাবাদাম ও গম ফসলের মোট,৫৬০ জন কৃষকের মধ্যে বিনামূল্যে বীজ ও সার বিতরণের কার্যক্রম চলমান আছে। এছাড়া তাঁর দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে তিনি জানান। | উপজেলা কৃষি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উপজেলা মৎস্য বিভাগের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | উপজেলা পরিষদের প্রত্যেক মাসের মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৮ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়া গবাদি পশুর উৎপাদন,চিকিৎসা,সম্প্রসারণ ও রোগ প্রতিরোধে টীকা প্রদান কার্যক্রম চলমান আছে এবং দুধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে উন্নতজাতের ঘাস চাষ সম্প্রসারণে ঘাষের কাটিং উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে বিনামূল্যে বিতরণ করা হয়েছে। | উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৯ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট উপজেলার সেপ্টেম্বর/২৫ মাসের পরিবার পরিকল্পনা,মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের অগ্রগতির বিবরণ তুলে ধরেন। তিনি জানান, (ক) পরিবার পরিকল্পনা সেবাঃ- মোট সক্ষম দম্পতি-৫০২৮০, মোট গ্রহণকারী-৩৯১৫৬, মোট পদ্ধতি গ্রহীতার হার-৭৭.৮৮%, (খ) পদ্ধতি ভিত্তিক পরিবার পরিকল্পনা গ্রহীতাঃ- খাবার বড়ি-১৬৪৯৮,কনডম-৩৮৬৬, ইনজেকটেবলস-৯৪৬৮,আইইউডি-১২৭৮, ইমপ্লান্ট-২৫৬৭, পুরুষ বন্ধ্যাকরণ-২৮০৩, মহিলা বন্ধ্যাকরণ-২৬৭৬, (গ) মা ও শিশু স্বাস্থ্য সেবাঃ- মোট গর্ভবতীর সংখ্যা-২২০৯, গর্ভকালীন সেবা-৭৩৮,প্রসব সেবা-৮৯, প্রসবোত্তর সেবার সংখ্যা-২৯২, এফডব্লিউসিতে প্রসব সংখ্যা-১২ | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরের বিভাগীয় কার্যক্রম আরও জোরদার করার উদ্যোগ গ্রহণের জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১০ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান, তাঁর দপ্তরের আওতাধীন ভাতাভোগী নির্বাচনের জন্য অনলাইনে আবেদন গ্রহণের কার্যক্রম চলমান আছে। তিনি উক্ত কার্যক্রমে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে তিনি জানান। | সমাজসেবা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা বাস্তবায়ন কর্মকর্তা জানান, অত্র উপজেলার সকল ইউপি হতে বর্তমান অর্থ বছরের টি.আর/কাবিখা/কাবিটা এর প্রকল্প তালিকা পাওয়া গেছে। উক্ত প্রকল্প তালিকা অনুমোদনের জন্য জেলায় প্রেরণ করা হয়েছে। দ্রুত সময়ের মধ্যে অনুমোদন পাওয়া যাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি উক্ত প্রকল্পসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | বর্তমান অর্থ বছরের টি.আর/কাবিখা/কাবিটা এর প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে সভায় অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক দপ্তরের প্রতিনিধি জানান, মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৫-২৭ ভিডব্লিউবি কর্মসূচির আওতায় অক্টোবর/২৫ মাসের ভাতা প্রদান করা হয়েছে। প্রত্যেক উপকারভোগীর নিজ নিজ নামে ব্যাংক হিসাব খোলা হয়েছে। এছাড়া মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ভাতাভোগীদের অনলাইন ডাটা এন্ট্রি অক্টোবর/২৫ মাস পর্যন্ত সম্পন্ন হয়েছে। | মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ভাতাভোগীদের ডাটা এন্ট্রির কাজ দ্রুত শেষ করার উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৩ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে অস্ত্রসহ মৌলিক প্রশিক্ষণ চলমান আছে। এছাড়া তাঁর দপ্তরের প্রশিক্ষণ কার্যক্রমসহ অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আনসার ও ভিডিপি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | উপজেলা পরিষদের প্রত্যেক মাসের মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৫ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পল্লী উন্নয়ন বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়নকর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৬ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | উপজেলা পরিষদের প্রত্যেক মাসের মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৭ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা বন বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট,সিলেট |
| ১৮ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তরের প্রতিনিধি জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তরের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |
| ১৯ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উপজেলা খাদ্য বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | প্রত্যেক মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা জানান, পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | অত্র উপজেলায় পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম জোরদার করার জন্য শাখা ব্যবস্থাপকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২১ | পল্লী বিদ্যুৎ সমিতি -২ | সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কানাইঘাট জোনাল অফিসের ডিজিএম বলেন, বর্তমানে বিদ্যুতের উৎপাদন জনিত ঘাটতির কারণে মাঝে মাঝে লোডশেডিং হচ্ছে তবে তা সহনীয় পর্যায়ে রয়েছে। কানাইঘাট জোনাল অফিসের আওতাধীন সম্মানীত গ্রাহকদের অনেকেরই বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। তিনি উক্ত বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের ব্যাপারে গ্রাহকদের উৎসাহিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভিন্ন সরকারি দপ্তরের বিদ্যুৎ বিল নিয়মিত পরিশোধের জন্য দপ্তর প্রধানগণকে অনুরোধ জানান। | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের ব্যাপারে প্রচারণা চালানোর জন্য ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ সভায় অনুরোধ করা হয়। | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি -২ কানাইঘাট, সিলেট |
| ২২ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগ | উপজেলা স্টেশন অফিসার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর প্রতিনিধি জানান, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের বিভাগীয় কার্যক্রম যথারীথি চলমান রয়েছে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট, সিলেট |
| ২৩ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা তথ্য আপা প্রকল্পের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | তথ্য সেবা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৪ | পানি উন্নয়ন বোর্ড | উপসহকারী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পানি উন্নয়ন বোর্ডের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রত্যেক মাসিক সভায় উপসহকারী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড কে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপসহকারী প্রকৌশলী,পানি উন্নয়ন বোর্ড,সিলেট |
| ২৫ | ইসলামী ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামী ফাউন্ডেশন, কানাইঘাট সভায় উপস্থিত না থাকায় ইসলামী ফাউন্ডেশনের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রত্যেক মাসিক সভায় ফিল্ড সুপারভাইজার, ইসলামী ফাউন্ডেশন, কানাইঘাট উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা ফিল্ড সুপারভাইজার ইসলামী ফাউন্ডেশন কানাইঘাট,সিলেট |
| ২৬ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান,সিলেট জেলার তুলনায় জন্ম ও মৃত্যু নিবন্ধনে ক্ষেত্রে কানাইঘাট উপজেলা পিছিয়ে আছে। শিশু জন্মের পর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পূর্ণ ফ্রি। এব্যাপারে সচেতনতামূলক উদ্যোগ গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে তিনি অনুরোধ জানান। | জন্ম ও মৃত্যু নিবন্ধনে ক্ষেত্রে কানাইঘাট উপজেলাকে এগিয়ে নেওয়ার জন্য সচেতনতামূলক উদ্যোগ গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৭ | গ্রাম আদালত পরিচালনা | উক্ত বিভাগের কর্মকর্তা জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউনিয়নের অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | সকল অনিষ্পন্ন মামলা দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে সভায় অনুরোধ করা হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২৮ | তথ্য অধিকার আইন,২০০৯ বাস্তবায়ন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারি দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টাল আপলোড করার অনুরোধ জানান। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক আনলাইন নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br><br>এমপিভুক্ত স্কুল কলেজ,মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল সরকারি/ বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও; সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান কানাইঘাট, সিলেট |
| ২৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(জাইকা) | উপজেলা ইউডিএফ(জাইকা)জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(জাইকা) এর আওতায় উপজেলা ওয়েবপোর্টালের হালনাগাদ তথ্য যাচাই পূর্বক আগামী প্রকল্প বরাদ্দ দেয়া হবে। এ লক্ষ্যে উপজেলার ১৭(সতের)টি স্থায়ী কমিটির মিটিং করা প্রয়োজন বলে সভাকে অবহিত করেন। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(জাইকা) এর আওতায় ওয়েবপোর্টালের হালনাগাদ তথ্য যাচাই ও প্রকল্প বরাদ্দের লক্ষ্যে জরুরী ভিত্তিতে ১৭(সতের)টি স্থায়ী কমিটির মিটিং করার প্রয়োজনীয় ব্যবস্থ গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ/ উপজেলা ইউডিএফ(জাইকা) কানাইঘাট,সিলেট |
| ৩০ | বিবিধ | (ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের প্রশাসক ডেঙ্গু প্রতিরোধে উপজেলা পরিষদের প্রত্যেক দপ্তরের অফিস চত্বরে মাসে দুইদিন পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার জন্য তিনি অনুরোধ জানান। তিনি আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে গুজব, মিথ্যা তথ্য ব্যবহার করে আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটাতে পারে। এব্যাপারে সচেতন থাকার জন্য তিনি সকলের প্রতি অনুরোধ জানান। তিনি সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (০১) মালি, পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মী ও পাম্প চালকের বেতন ভাতা; (০২) উপজেলার পরিষদের আপ্যায়ন ও আনুষাংগিক বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | (ক) উপজেলা পরিষদের প্রত্যেক দপ্তরের অফিস চত্বরে মাসে একদিন পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার জন্য দপ্তর প্রধানগণকে অনুরোধ করা হয়। উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ কানাইঘাট,সিলেট |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৩/১০/২৫

তানিয়া আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, কানাইঘাট,সিলেট

CamScanner

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২২- ৬৮

তারিখ: ০৭ কার্তিক ১৪৩২ / ২৩ অক্টোবর২০২৫

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৩। জেলা প্রশাসক, সিলেট
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৫। উপজেলা -------------------------------- কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
৬। চেয়ারম্যান ------------------------------ ইউনিয়ন পরিষদ (সকল), কানাইঘাট, সিলেট
৭। জনাব --- ------------------------------ কানাইঘাট, সিলেট
৮। অফিস কপি

২৩/১০/২৫

উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব জনাব মোঃ জামাল উদ্দিন | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব আব্দুল মুমিন চৌধুরী | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মোঃ আবু তাইয়ীব | চেয়ারম্যান,০৪ নং সাঁতবাক ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোঃ আব্দুল মালিক চৌঃ | চেয়ারম্যান,০৫ নং বড়চতুল ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব আফসার উদ্দিন আহমদ | চেয়ারম্যান,০৬ নং কানাইঘাট সদর ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জানাব মোঃ লোকমান উদ্দিন | চেয়ারম্যান,০৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মোঃ শামছুল ইসলাম | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব ডাঃ সুবল চন্দ্র বমন | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব বিশ্বজিত রায় | উপজেলা কৃষি কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব ডাঃ প্রানকৃষ্ণ হাওলাদার | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব সাইদুল হক | প্রতিনিধি অফিসার ইনচার্জ, কানাইঘাট থানা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব মোঃ আবু হানিফা | উপজেলা প্রকৌশলী,কানাইঘাট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব তাপস চক্রবর্তী | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মোস্তাফিদুল হক | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব মোঃ কবির হোসেন | প্রতিনিধি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব ফয়ছল আহমদ | প্রতিনিধি উপজেলা সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য),কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব মোঃ আব্দুল কাদির | প্রতিনিধি উপজেলা স্টেশন অফিসার,ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব মোঃ ফারুক আহমদ | উপজেলা ইউডিএফ(জাইকা),কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব মোঃ নজরুল ইসলাম | উপজেলা কো-অডিনেটর,গ্রাম আদালত প্রকল্প,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব সাখাওয়াৎ হোসেন | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব মুহিবুর রহমান | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম | উপজেলা শিক্ষা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব ফাহমিদা খানম | উপজেলা তথ্য আপা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৪ | জানাব মোঃ আমিনুল ইসলাম | প্রতিনিধি উপজেলা ডিজিএম,পল্লীবিদ্যুৎ সমিতি-২,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব মোঃ জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব বিপ্লব হোসেন | উপজেলা বিট কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব ফারুক আহমদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |

## সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-খ

| ক্রমিক | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | চেয়ারম্যান,০১ নং লক্ষীপ্রসাদ পূর্বইউ/পি,কানাইঘাট,সিলেট |
| ০২ | চেয়ারম্যান,০৮ নংঝিংগাবাড়ী ইউ/পি, কানাইঘাট,সিলেট |
| ০৩ | উপ-সহকারী প্রকৌশলী,পানি উন্নয়ন বোর্ড,সিলেট |
| ০৪ | উপজেলা ফিল্ড সুপারভাইজার,ইসলামী ফাউন্ডেশন,কানাইঘাট,সিলেট |
| ০৫ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৬ | উপজেলা সমবায় কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৭ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৮ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কানাইঘাট,সিলেট |
| ০৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা, কানাইঘাট,সিলেট |

CamScanner